

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
জাতীয় স্কাউট ভবন (১২ ও ১৩ তলা)
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক
কাকরাইল, ঢাকা-১০০০।
www.jamuka.gov.bd

নম্বর-৪৮.০২.০০০০.০০১.৯৯.২৯.২০.৪৮৬

তারিখঃ ২০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঃ
০৩ জুন, ২০২১ খ্রিঃ

বিষয়ঃ ২০১৪ সালে Online এবং সরাসরি আবেদনকৃত ব্যক্তিগণের যাচাই-বাছাই প্রতিবেদন প্রেরণ প্রসংগে।
সূত্রঃ জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের স্মারক নং-৪৮.০২.০০০০.০০১.০০.২৭৬.১৬-৪৬৭, তারিখ ৩১/০৫/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৮/০৪/২০১৯ তারিখের ১০১ নম্বর স্মারকে জামুকার ৬১তম সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা/জেলা/মহানগরের ৩(তিন) সদস্য বিশিষ্ট মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটি কর্তৃক যে সকল উপজেলা থেকে মামলা বা অন্য কোন কারণে প্রতিবেদন পাওয়া যায়নি এবং যে সকল উপজেলার প্রতিবেদনে বিদ্যমান মুক্তিযোদ্ধার সংখ্যা সর্বোচ্চ ১০% এর বেশী নতুন মুক্তিযোদ্ধা অন্তর্ভুক্তির সুপারিশ করা হয়েছে সে সকল প্রতিবেদন পুনঃগঠিত কমিটির মাধ্যমে পুনঃযাচাইপূর্বক সুপারিশ প্রেরণের জন্য সংশ্লিষ্ট উপজেলা কমিটিতে ফেরৎ প্রদান করা হয়েছিল। কিন্তু এখনও পর্যন্ত আপনার উপজেলা থেকে চাহিত যাচাই-বাছাই প্রতিবেদন পাওয়া যায়নি।


২। উল্লেখ্য যে, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ৭৪তম সভার আলোচ্যসূচী-০৬ এর (খ) ও (গ) মোতাবেক এতদবিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(খ) ২০১৪ সালে Online এবং সরাসরি আবেদনকৃত ব্যক্তিগণের যাচাই-বাছাই প্রতিবেদন যে সমস্ত উপজেলা থেকে অদ্যাবধি পাওয়া যায়নি সে সকল উপজেলা থেকে দ্রুত প্রতিবেদন সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) আগামী ১৫/০৬/২০২১ তারিখের মধ্যে তালিকা প্রেরণে ব্যর্থ উপজেলা কমিটির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ ও কমিটির সদস্য সচিব উপজেলা নির্বাহী অফিসারদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় ও মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণের বিষয়ে চেয়ারম্যান, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

৩। এমতাবস্থায়, আগামী ১৫/০৬/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে উপরোক্ত বিষয়ে পুনঃগঠিত কমিটির মাধ্যমে যাচাই-বাছাই কার্যক্রম সম্পন্ন করে উক্ত প্রতিবেদনের একটি সফটকপি পেনড্রাইভে, ওয়ার্ড ফাইল করে ই-মেইলে এবং হার্ডকপি প্রেরণ করার জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(মোহাম্মদ ইউছুফ)
(উপসচিব)

উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোনঃ ০২-২২২২২৬৪৩১

ই-মেইলঃ dd.admin@jamuka.gov.bd

বিতরণঃ

১। উপজেলা নির্বাহী অফিসার।

.....
.....

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় লিং রোড, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় লিং রোড, ঢাকা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, কাকরাইল, ঢাকা।